বিএনপি-জামায়াতের উত্তেজনা থামাতে গিয়ে আহত ওসি



ছবি: সংগৃহীত

কুষ্টিয়ার মিরপুরে বিএনপি ও জামায়াতের নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দিলে দুই পক্ষকে থামাতে গিয়ে আহত হয়েছেন থানার ওসি শহিদুল ইসলাম। পরে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তার প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়।

শনিবার (৩ অক্টোবর) বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার ছাতিয়ান ইউনিয়নের আজুতলা এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ জানায়, শুক্রবার এশার নামাজের পর স্থানীয় একটি মসজিদে জামায়াতের নেতাকর্মীরা রাজনৈতিক আলোচনা করেছেন বলে অভিযোগ তোলে বিএনপি। বিষয়টি নিয়ে শনিবার বিকেলে একই সময়ে পাল্টাপাল্টি প্রতিবাদ সমাবেশের ঘোষণা দেয় দুই পক্ষ।

পরে জামায়াতের পূর্বনির্ধারিত সমাবেশ শেষ হওয়ার দিকে সেখানে বিএনপির নেতাকর্মীরা জড়ো হলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। খবর পেয়ে মিরপুর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে যায়। সেখানে ওসি শহিদুল ইসলামসহ ৩০ থেকে ৪০ জন পুলিশ সদস্য ছিলেন।

একপর্যায়ে দুই দলের নেতাকর্মীরা পরস্পরের দিকে এগিয়ে গেলে তাদের থামানোর চেষ্টা করেন পুলিশ সদস্যরা। এ সময় ওসি শহিদুল ইসলামের হাতে আঘাত লাগে। তার মোবাইল ফোন ও হাতঘড়িও ভেঙে যায়।

পরে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। ওসি শহিদুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, এলাকায় এখনো উত্তেজনা রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ কাজ করছে।

এ ঘটনায় বিএনপি ও জামায়াতের কোনো নেতার বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।